



নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ

NORTH EAST UNIVERSITY BANGLADESH (NEUB)

SYLHET, BANGLADESH.

স্মারক নং- এনইইউবি/রেজিঃ/১০৫/১০৫/৩৩১৭

অক্টোবর ২১, ২০২১

জরুরী বিজ্ঞপ্তি

নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশের সকল শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল সভার সিদ্ধান্তক্রমে নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ-এ ২৫ অক্টোবর, ২০২১ তারিখ থেকে স্ব-শরীরে শিক্ষা কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সিলেট সিটি কর্পোরেশনের সহযোগিতায় বিশ্ববিদ্যালয় চত্বরে বুথ বসিয়ে আগামী ২৬ অক্টোবর, ২০২১ তারিখে টিকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায় যে সকল শিক্ষার্থীরা এখনো পর্যন্ত বিভিন্ন জটিলতার কারণে কোন প্রকার টিকা গ্রহণ বা রেজিস্ট্রেশন করতে পারেননি এবং রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে তবে ১ম ডোজ গ্রহণ করা হয়নি তাদের সবাইকে আগামী ২৫ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে সংযুক্ত লিংকে জরুরীভাবে রেজিস্ট্রেশন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধানের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লিখিত তারিখের পরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের টিকা গ্রহণে অপারগতার বিষয়ে কোন প্রকার অজুহাত বা কৈফিয়ত গ্রহণ করা হবেনা এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন দায়বদ্ধতা থাকবেনা।

রেজিস্ট্রেশন লিংক: <https://forms.gle/PQ3K1LahNjkhQu346>


২০/১০/২০২১

মোঃ শাহজাদা আল সাদিক

রেজিস্ট্রার

নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ

শেখঘাট, সিলেট।

বিতরণ :

- ১। সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী
- ২। নোটিশ বোর্ড, ওয়েবসাইট ও এনইইউবি ফেইসবুক পেইজ

অনুলিপি :

- ১। সকল বিভাগের বিভাগীয় প্রধানগণ
- ২। সচিব, বোর্ড অব ট্রাস্টিজ, এনইইউবি (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। পি.এস. টু ভিসি
- ৪। নথি